



প্রেস বিজ্ঞপ্তি

“বিশ্বস্তরপুরের হাওড় এলাকার কৃষকের আশার আলো মিছাখালী রাবার ড্যাম”

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক সুনামগঞ্জ জেলার বিশ্বস্তরপুর উপজেলার আঙ্গুরালী ও করচা হাওড়ের কৃষকের দীর্ঘদিনের স্বপ্নের এবং দেশের দীর্ঘতম মিছাখালী রাবার ড্যাম ০২ জুলাই ২০১৬ তারিখে শুভ উদ্বোধন করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রী জনাব এম এ মান্নান, এমপি মিছাখালী রাবার ড্যাম এর শুভ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অ্যাডভোকেট পীর ফজলুর রহমান মিসবাহ, মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-৪; অ্যাডভোকেট শামসুন নাহার বেগম, মাননীয় সংসদ সদস্য, মহিলা আসন -৩২৯ এবং জনাব শেখ রফিকুল ইসলাম, জেলা প্রশাসক, সুনামগঞ্জ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিএডিসির চেয়ারম্যান জনাব মোঃ নাসিরুজ্জামান। অনুষ্ঠানে স্থানীয় নেত্রীবৃন্দ, গণ্যমান্য ব্যক্তিবর্গ, কৃষকবৃন্দ ও জনপ্রতিনিধিগণ বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে স্বাগত ভাষণ প্রদান করেন বিএডিসি'র প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) জনাব মোঃ হাফিজ উল্লাহ চৌধুরী। তিনি তাঁর বক্তব্যে মিছাখালী রাবার ড্যামের নির্মাণ সংক্রান্ত বিভিন্ন বিষয় তুলে ধরেন। বিএডিসি'র চেয়ারম্যান মহোদয় তাঁর বক্তব্যে বিএডিসি'র বিভিন্ন কর্মকাণ্ডসহ রাবার ড্যাম নির্মাণে বিএডিসি'র দক্ষতা সম্পর্কে আলোকপাত করেন। তিনি আরো জানান যে, বিএডিসি রাবার ড্যামের চেয়ে উন্নত প্রযুক্তি সম্পন্ন হাইড্রলিক এলিভেটর ড্যাম নির্মাণ করছে, যা বাংলাদেশে প্রথম।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বর্তমান সরকারের চলমান উন্নয়ন কর্মকাণ্ডসহ কৃষি এবং কৃষকের উন্নয়নে সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপের বর্ণনা দেন। তিনি বিশ্বস্তরপুরে দেশের সবচেয়ে বড় রাবার ড্যাম নির্মাণ হওয়ায় এলাকাবাসিকে অভিনন্দন জানান এবং রাবার ড্যাম নির্মাণ করায় বিএডিসিসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

সুনামগঞ্জ জেলার ১১টি উপজেলার মধ্যে বিশ্বস্তরপুরসহ কয়েকটি উপজেলার পুরোটাই হাওড় অঞ্চল হিসাবে পরিচিত। হাওড় অঞ্চলের অধিকাংশ এলাকা নীচু হওয়ায় শুধুমাত্র শুষ্ক মৌসুমে একটি ফসল বোরো ধান আবাদ করা হয়। হাওড় এলাকাগুলোতে মূলতঃ বোরো ফসলই উৎপাদন করা যায়। বিস্তীর্ণ হাওড় এলাকায় প্রতি বছর আগাম বন্যা হয়। আগাম বন্যার কারণে উঠতি বোরো ফসল নষ্ট হয়ে যায়। চলতি বোরো মৌসুমে সুনামগঞ্জ জেলার হাওড় এলাকাগুলোর সকল ফসল নষ্ট হলেও করচা ও আঙ্গুরালী হাওড়ের ৭,০০০ হেক্টর জমির ফসল মিছাখালী রাবার ড্যামের মাধ্যমে রক্ষা করা সম্ভব হয়েছে।

আঙ্গুরালী ও করচা হাওড় এলাকার কৃষকদের একমাত্র ফসল আগাম বন্যা হতে রক্ষার জন্য বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক প্রায় ৩৭ কোটি টাকা ব্যয়ে দেশের বৃহত্তম রাবার ড্যাম নির্মাণ করা হয়েছে। আগাম পাহাড়ী ঢলের কারণে সৃষ্ট বন্যা থেকে আলোচ্য রাবার ড্যামের মাধ্যমে আঙ্গুরালী ও করচা হাওড়ের প্রতি বছর প্রায় ৭,০০০ হেক্টর জমির ৩১,৫০০ মেট্রিক টন বোরো ফসল রক্ষা করা সম্ভব হবে, যার বাজার মূল্য ৭০ কোটি টাকা।

রাবার ড্যামের পাশাপাশি মিছাখালী নদীর উপর ২২০ মিটার দীর্ঘ ৩ মিটার প্রস্থ বিশিষ্ট একটি ব্রিজ নির্মাণ করা হয়েছে। ব্রিজের মাধ্যমে মিছাখালী নদীর উভয় পাড়ের বাসিন্দাদের মধ্যে নতুন করে এক সেতু বন্ধন তৈরি হয়েছে। ফলে কৃষকদের পণ্য পরিবহন ও বাজারজাতকরণ এবং তাদের যাতায়াত ব্যবস্থা সহজ হয়েছে। হাওড় এলাকার পিছিয়ে পড়া জনপদের বেকার যুবক ও কৃষকদের কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচন এবং আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে এই রাবার ড্যাম গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

